



মহামারী/ আপদকাল মোকাবেলায় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহ

করোনা মহামারীতে সারা বিশ্বে ইতোমধ্যে প্রায় ১ কোটি ৭০ লক্ষ মানুষ আক্রান্ত। বাংলাদেশেও আক্রান্তের সংখ্যা ইতোমধ্যেই প্রায় ২.৫ লক্ষের কাছাকাছি এবং এ সংখ্যা দ্রুত গতিতে বৃদ্ধি পাচ্ছে। সারা বিশ্বে করোনা মহামারীতে এ যাবৎ প্রায় ৭ লক্ষ মানুষ মারা গেছে। বাংলাদেশে মৃতের সংখ্যা ইতোমধ্যে ৩ হাজার ছাড়িয়েছে এবং এ সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

করোনা মহামারী থেকে জীবন রক্ষার্থে ইতিমধ্যে মাননীয় প্রধানমন্ত্রী এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থা সচেতনতামূলক নির্দেশনা দিয়েছেন। জীবন রক্ষার্থে লকডাউন করা হয়েছে ঢাকা সহ সারা দেশের বিভিন্ন অঞ্চল। মাননীয় প্রধানমন্ত্রী জীবন সুরক্ষাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছেন। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক স্বাস্থ্য অধিদপ্তর ইতোমধ্যেই স্বাস্থ্যবিধি প্রনয়ণ করেছে যেখানে সামাজিক দূরত্ব বজায় রাখার প্রতি বিশেষ নির্দেশনা রয়েছে। উদ্ভূত পরিস্থিতিতে সভা-সমাবেশ অত্যন্ত কঠোর ভাবে নিয়ন্ত্রণ করা হচ্ছে।

করোনা মহামারী মোকাবেলায় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় নিম্নলিখিত পদক্ষেপসমূহ গ্রহণ করেছেঃ

- ১। জনসমাগম এড়াতে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রায় সকল সভাসমূহ বিভিন্ন ভার্চুয়াল প্ল্যাটফর্ম যেমন, Zoom, Webex, Google Meet ইত্যাদির মাধ্যমে আয়োজন করা হচ্ছে।
- ২। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহকে তাদের সভাসমূহ যথাসম্ভব ভার্চুয়াল প্ল্যাটফর্ম ব্যবহার করে আয়োজনের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।
- ৩। খুব জরুরী প্রয়োজন ব্যতীত কর্মকর্তা/কর্মচারীগণকে একে অন্যের কক্ষে গমনে নিরুৎসাহিত করে নির্দেশনা প্রদান করা হয়েছে।
- ৪। কর্মকর্তা ও কর্মচারীগণকে দাপ্তরিকভাবে বিভিন্ন সুরক্ষা সামগ্রী যেমন, মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, হ্যান্ড গ্লাবস, ফেইস প্রটেক্টর ইত্যাদি চাহিদা অনুযায়ী প্রতিনিয়ত সরবরাহ করা হচ্ছে।
- ৫। দাপ্তরিক কাজসমূহ যথাসম্ভব ই-ফাইলিং এর মাধ্যমে সম্পন্ন করার বিষয়ে বিশেষ নির্দেশনা প্রদান করা হয়েছে।
- ৬। অফিসের প্রবেশদ্বারে থার্মাল স্ক্যানার ও ডিজইনফেকশন স্প্রে মেশিন স্থাপন করা হয়েছে।
- ৭। প্রতিদিন অফিস শুরুর পূর্বেই সকল কক্ষে ডিজইনফেকশন স্প্রে ছোটানো হচ্ছে।
- ৮। বয়োজ্যেষ্ঠ কর্মকর্তা/ কর্মচারী ও গর্ভবতী মহিলাদের জন্য অফিসে উপস্থিতি শিথিল করা হয়েছে।
- ৯। অফিসে দর্শনার্থী প্রবেশে কঠোর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে।

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের চিফ ইনোভেশন অফিসার মহোদয়ের নির্দেশক্রমে মহামারী/ আপদকাল মোকাবেলায় গৃহীত পদক্ষেপসমূহের এ রূপরেখা প্রনয়ণপূর্বক প্রকাশ করা হলো।

*Midi*  
(মিহির কান্তি সরকার)

সিস্টেম এনালিস্ট ও সদস্য ইনোভেশন টিম  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়